

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

নং- ৪৬.০৪৫.০২৭.০৮.৮৩.০৮৩.২০১৬-২২৮

তারিখ : ১৫ ফাল্গুন ১৪২৩ বঃ
২৭ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিঃ


প্রজ্ঞাপন

যেহেতু, জনাব এ, টি, এম নুরুল বশর চৌধুরী, চেয়ারম্যান, কুতুবদিয়া উপজেলা পরিষদ, কক্সবাজার এর বিরুদ্ধে দায়েরকৃত কুতুবদিয়া থানার মামলা নং-০৮, তাং-২৪/১১/২০১৩খ্রিঃ (জিআর ১২৩/২০১৩) এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালত কর্তৃক জনাব এ, টি, এম নুরুল বশর চৌধুরী, চেয়ারম্যান, কুতুবদিয়া উপজেলা পরিষদ, কক্সবাজার -এর বিরুদ্ধে অভিযোগপত্র গৃহীত হওয়ায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩খ(১) ধারা অনুসারে কক্সবাজার জেলার কুতুবদিয়া উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব এ, টি, এম নুরুল বশর চৌধুরীকে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারী করা হ'ল এবং অবিলম্বে তা কার্যকর হবে।



(লুৎফুন নাহার)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭২৩০

নং- ৪৬.০৪৫.০২৭.০৮.৮৩.০৮৩.২০১৬-২২৮

তারিখ : ১৫ ফাল্গুন ১৪২৩ বঃ
২৭ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৩. সচিব,.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৪. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৫. কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৬. জেলা প্রশাসক, কক্সবাজার।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৮. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০ (ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
৯. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
১০. উপজেলা নির্বাহী অফিসার, কুতুবদিয়া, কক্সবাজার।
১১. ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা), কুতুবদিয়া উপজেলা পরিষদ, কক্সবাজার।
১২. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কক্সবাজার/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কুতুবদিয়া, কক্সবাজার।
১৩. জনাব এ, টি, এম নুরুল বশর চৌধুরী, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), কুতুবদিয়া উপজেলা পরিষদ, কক্সবাজার।
১৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)।


(লুৎফুন নাহার)
সিনিয়র সহকারী সচিব